

## ■■ সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬০৫

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩৫৯. মুশরিকদেরকে ইসলামের দাওয়াত প্রদান।

باب فِي دُعَاءِ الْمُشْرِكِينَ

## আরবী

حَدَّتَنَا أَبُو صَالِحِ الأَنْطَاكِيُّ، مَحْبُوبُ بْنُ مُوسَى أَخْبَرَنَا أَبُو إِسْحَاقَ الْفَزَارِيُّ، عَنْ سُفْيَانَ، عَنْ عَلْقَمَةَ بْنِ مَرْتَدِ، عَنْ سُلَيْمَانَ بْنِ بُرَيْدَةَ، عَنْ أَبِيهِ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " اغْزُوا بِاسْمِ اللَّهِ وَفِي سَبِيلِ اللَّهِ وَقَاتِلُوا مَنْ كَفَرَ بِاللَّهِ اغْزُوا وَلاَ تَغْدِرُوا وَلاَ تَغُدِّرُوا وَلاَ تَغُلُّوا وَلاَ تَعْدُرُوا وَلاَ تَغُلُّوا وَلاَ تَقْتُلُوا وَلاَ تَقْتُلُوا وَلِيدًا " .

## বাংলা

২৬০৫. আবূ সালিহ্ আল্ আনতাকী, মাহবূব ইবন মূসা .... সুলায়মান ইবন বুরায়দা তাঁর পিতা বুরায়দা (রাঃ) হতে বর্ণনা করেন যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা আল্লাহর নাম নিয়ে তাঁর সাহায্য প্রার্থনা করে আল্লাহর রাহে যুদ্ধে অবতীর্ণ হও এবং ঐ সকল কাফিরদের সঙ্গে যুদ্ধ করবে যারা ইসলাম গ্রহণ করেনি এবং জিযইয়া দানেও অসম্মতি জ্ঞাপন করেছে। তোমরা যুদ্ধ করে যাও, কিন্তু চুক্তি ভঙ্গ করো না, যুদ্ধলব্ধ সম্পদ আত্মসাৎ করো না, নিহত শক্রর নাক, কান ইত্যাদি কেটে বিকৃত করো না এবং কোন শিশুকে হত্যা করো না।

## **English**

Sulaiman bin Buraidah reported on his father's authority The Prophet(ﷺ) said "Fight in the name of Allaah and in the path of Allaah and with him who disbelieves in Allaah fight and do not be treacherous and do not be dishonest about boot yand do not deface (in killing) and do not kill a child."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সুলায়মান ইবন বুরায়দা (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন